ঢাকা বিশ্ববিদ্যালয় বার্তা

৩৪ বর্ষ ৪র্থ সংখ্যা | ওয়েবসাইট : http://www.du.ac.bd (DU Barta) | ১৬ ফাল্গুন ১৪২৬, ২৯ ফেব্রুয়ারি ২০২০

মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষ্যে গত ২১শে ফেব্রুয়ারি ২০২০ একুশের প্রথম প্রহরে কেন্দ্রীয় শহীদ মিনারের বেদীতে পুষ্পস্তবক অর্পণ করেন মহামান্য রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ ও মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা।

অমর একুশে উদ্‌যাপনে সহযোগিতার জন্য উপাচার্যের ধন্যবাদ ও কৃতজ্ঞতা জ্ঞাপন

ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান যথাযোগ্য মর্যাদা ও ভাবগম্ভীর পরিবেশে শান্তিপূর্ণ ও সুশৃঙ্খলভাবে মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস-২০২০ পালনের জন্য সর্বস্তরের জনগণকে আন্তরিক ধন্যবাদ জানিয়েছেন।

ঢাকা বিশ্ববিদ্যালয় একুশে উদ্‌যাপন কেন্দ্রীয় সমন্বয় কমিটি কর্তৃক গৃহীত সকল কর্মসূচির সফল বাস্তবায়নে সিনেট সদস্য, সিন্ডিকেট সদস্য, শিক্ষক, শিক্ষার্থী, ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (ডাকসু) নেতৃবৃন্দ, কর্মকর্তা, কর্মচারী, ঢাকা মেট্রোপলিটন পুলিশ, র‍্যাব, অন্যান্য আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্য, বাংলাদেশ সরকারের সংশ্লিষ্ট মন্ত্রণালয়সমূহ এবং গণমাধ্যমসহ সকলের সর্বাত্মক সহযোগিতার জন্য উপাচার্য কৃতজ্ঞতা জ্ঞাপন করেছেন।

যথাযোগ্য মর্যাদায় অমর একুশে ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালিত

যথাযোগ্য মর্যাদা ও ভাবগম্ভীর পরিবেশে ঢাকা বিশ্ববিদ্যালয়ে গত ২১ ফেব্রুয়ারি ২০২০ মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালিত হয়েছে।

একুশের প্রথম প্রহরে ভাষা শহীদদের প্রতি শ্রদ্ধা নিবেদন করতে আসা অতিথিদের স্বাগত জানান ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান। সর্বপ্রথম শহীদ বেদীতে পুষ্পস্তবক অর্পণ করেন রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা। এরপর জাতীয় সংসদের স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী শহীদ বেদীতে পুষ্পস্তবক অর্পণ করেন। ঢাকা বিশ্ববিদ্যালয় পরিবারের পক্ষে উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান একুশের প্রথম প্রহরে শহীদ বেদীতে পুষ্পস্তবক অর্পণ করেন। এসময় প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ, কোষ্যাধ্যক্ষ অধ্যাপক ড. মোঃ কামাল উদ্দীন, শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. এ এস এম মাকসুদ কামাল, সাধারণ সম্পাদক অধ্যাপক ড. মো. নিজামুল হক ভূইয়া, সিনেট ও সিন্ডিকেট সদস্য, শিক্ষক ও শিক্ষার্থীবৃন্দ উপস্থিত ছিলেন। এছাড়া, ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি, বিভিন্ন হলের প্রভোস্টের নেতৃত্বে ছাত্র-ছাত্রীবৃন্দ, অফিসার্স এসোসিয়েশন, তৃতীয় শ্রেণী কর্মচারী সমিতি, কারিগরি কর্মচারী সমিতি, চতুর্থ শ্রেণী কর্মচারী ইউনিয়ন, বিভিন্ন রাজনৈতিক, সামাজিক, সাংস্কৃতিক সংগঠন ও সর্বস্তরের জনগণ একে একে শহীদ বেদীতে পুষ্পস্তবক অর্পণ করেন।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের কর্মসূচির অংশ হিসেবে ২১ ফেব্রুয়ারি সকাল সাড়ে ৬টায় উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান-এর নেতৃত্বে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীদের একটি প্রভাতফেরি অপরাজেয় বাংলার পাদদেশ থেকে শুরু হয়। প্রভাতফেরি সহকারে তারা আজিমপুর কবরস্থানে গমন করেন এবং ভাষা শহীদদের কবরে পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে শ্রদ্ধা নিবেদন করেন। এরপর ভাষা শহীদদের রুহের মাগফেরাত কামনা করে ফাতেহা পাঠ করা হয়। পরে প্রভাতফেরি সহকারে তারা কেন্দ্রীয় শহীদ মিনারে গমন করেন এবং পুষ্পস্তবক অর্পণ করেন। বাদ জুম্মা মসজিদুল জামিয়াসহ সকল হলের মসজিদ এবং বিশ্ববিদ্যালয় আবাসিক এলাকার মসজিদে ভাষা শহীদদের রুহের মাগফেরাত কামনা করে বিশেষ মোনাজাত করা হয়। এছাড়া, অন্যান্য ধর্মীয় উপাসনালয়ে শহীদদের আত্মার শান্তি কামনা করে বিশেষ প্রার্থনা করা হয় ।

দিবসটি উপলক্ষ্যে ঢাকা বিশ্ববিদ্যালয় সংগীত বিভাগের উদ্যোগে ২১ ফেব্রুয়ারি সন্ধ্যা সাড়ে ৬টায় ছাত্র-শিক্ষক কেন্দ্র মিলনায়তনে সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশিত হয়। উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। এছাড়া, থিয়েটার এন্ড পারফরম্যান্স স্টাডিজ বিভাগের উদ্যোগে নাটমন্ডল মিলনায়তনে জহির রায়হান রচিত ‘একুশের গল্প’ নাটক মঞ্চস্থ করা হয়।

উল্লেখ্য, যথাযোগ্য মর্যাদায় দিবসটি পালনের লক্ষ্যে ঢাকা বিশ্ববিদ্যালয়ে ‘অমর একুশে উদ্‌যাপন কেন্দ্রীয় সমন্বয় কমিটি’ এবং বিভিন্ন সাব-কমিটি গঠন করা হয়।

মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষ্যে গত ২১ শে ফেব্রুয়ারি ২০২০ একুশের প্রথম প্রহরে ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. এ এস এম মাকসুদ কামাল, সাধারণ সম্পাদক অধ্যাপক ড. মো. নিজামুল হক ভূইয়াসহ সমিতির নেতৃবৃন্দ কেন্দ্রীয় শহীদ মিনারের বেদীতে পুষ্পস্তবক অর্পণ করেন

ঢাবি-এ বসন্ত আবাহন উদ্‌যাপিত

ঢাকা বিশ্ববিদ্যালয় নৃত্যকলা বিভাগ এবং ইএমকে সেন্টারের যৌথ উদ্যোগে ‘বসন্ত আবাহন-১৪২৬’ শীর্ষক দিনব্যাপী সাংস্কৃতিক অনুষ্ঠান গত ১৩ ফেব্রুয়ারি ২০২০ ঐতিহাসিক বটতলায় অনুষ্ঠিত হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান সকালে এই অনুষ্ঠান উদ্বোধন করেন। নৃত্যকলা বিভাগের চেয়ারপার্সন অধ্যাপক রেজওয়ানা চৌধুরীর সভাপতিত্বে অনুষ্ঠানে বাংলাদেশে নিযুক্ত যুক্তরাষ্ট্রের রাষ্ট্রদূত আর্ল রবার্ট মিলার প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। ইএমকে সেন্টারের ভারপ্রাপ্ত পরিচালক আসিফ উদ্দিন আহমেদ ধন্যবাদ জ্ঞাপন করেন।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান বলেন, এ্যাডওয়ার্ড এম কেনেডি বাংলাদেশের একজন প্রকৃত বন্ধু ছিলেন। স্বাধীনতার পর ১৯৭২ সালে তিনি বাংলাদেশ সফরে আসেন এবং ঢাকা বিশ্ববিদ্যালয় কলা ভবনের সামনে একটি বট গাছের চারা রোপন করেন। এই বটগাছ বাংলাদেশ ও যুক্তরাষ্ট্রের মধ্যে বন্ধুত্বের প্রতীক হিসেবে বেড়ে ওঠেছে। ঐতিহাসিক এই বটতলায় সাংস্কৃতিক অনুষ্ঠানের মধ্য দিয়ে দু'দেশের বন্ধুত্বপূর্ণ সম্পর্ক ভবিষ্যতে আরও জোরদার হবে বলে তিনি আশা প্রকাশ করেন।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান-এর নেতৃত্বে বিশ্ববিদ্যালয় পরিবারের সদস্যগণ গত ২১ ফেব্রুয়ারি ২০২০ সকালে প্রভাতফেরি সহকারে আজিমপুর কবরস্থানে যান এবং ভাষা শহীদদের কবরে পুষ্পস্তবক অর্পণ করেন।

মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদ্‌যাপন উপলক্ষ্যে ঢাকা বিশ্ববিদ্যালয় সংগীত বিভাগের উদ্যোগে ছাত্র-শিক্ষক কেন্দ্র মিলনায়তনে গত ২১ ফেব্রুয়ারি ২০২০ এক সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। এতে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন বিভাগীয় চেয়ারপার্সন টুম্পা সমদ্দার।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে গত ৮ ফেব্রুয়ারি ২০২০ বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় খেলার মাঠে সূর্যসেন হলের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতায় বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করেন। এসময় অন্যান্যের মধ্যে হল প্রাধ্যক্ষ অধ্যাপক মোহাম্মদ মকবুল হোসেন ভূঁইয়া উপস্থিত ছিলেন। ছবিতে অতিথিদের সাথে বিজয়ীদের দেখা যাচ্ছে।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে গত ১০ ফেব্রুয়ারি ২০২০ বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় খেলার মাঠে শামসুন নাহার হলের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতার আনুষ্ঠানিক উদ্বোধন করেন। এসময় অন্যান্যের মধ্যে হল প্রাধ্যক্ষ অধ্যাপক ড. সুপ্রিয়া সাহা উপস্থিত ছিলেন।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে গত ১১ ফেব্রুয়ারি ২০২০ বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় খেলার মাঠে কবি জসীম উদ্দীন হলের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতার আনুষ্ঠানিক উদ্বোধন করেন। এসময় অন্যান্যের মধ্যে হল প্রাধ্যক্ষ অধ্যাপক ড. মিজানুর রহমান উপস্থিত ছিলেন।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে গত ১২ ফেব্রুয়ারি ২০২০ বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় খেলার মাঠে স্যার এ এফ রহমান হলের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতার আনুষ্ঠানিক উদ্বোধন করেন। এসময় অন্যান্যের মধ্যে হল প্রাধ্যক্ষ অধ্যাপক ড. কে এম সাইফুল ইসলাম খান উপস্থিত ছিলেন।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে গত ৯ ফেব্রুয়ারি ২০২০ বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় খেলার মাঠে হাজী মুহম্মদ মুহসীন হলের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতার আনুষ্ঠানিক উদ্বোধন করেন। এসময় অন্যান্যের মধ্যে হল প্রাধ্যক্ষ অধ্যাপক ড. মো. নিজামুল হক ভূইয়া উপস্থিত ছিলেন।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে গত ১৪ ফেব্রুয়ারি ২০২০ বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় খেলার মাঠে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হলের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতার আনুষ্ঠানিক উদ্বোধন করেন। এসময় অন্যান্যের মধ্যে হল প্রাধ্যক্ষ অধ্যাপক ড. মো. মফিজুর রহমান উপস্থিত ছিলেন।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. কামাল উদ্দীন প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে গত ১৬ ফেব্রুয়ারি ২০২০ বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় খেলার মাঠে ড. মুহম্মদ শহীদুল্লাহ হলের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতায় বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করেন। এসময় অন্যান্যের মধ্যে হল প্রাধ্যক্ষ অধ্যাপক ড. সৈয়দ হুমায়ুন আখতার উপস্থিত ছিলেন। ছবিতে অতিথিদের সাথে বিজয়ীদের দেখা যাচ্ছে।

বিভিন্ন হলের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা

সূর্যসেন হল

ঢাকা বিশ্ববিদ্যালয় সূর্যসেন হলের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতায় সাব্বির আহম্মেদ চ্যাম্পিয়ন এবং মো. জোনায়েদ মিয়া রানার্স-আপ হয়েছেন। গত ৮ ফেব্রুয়ারি ২০২০ বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় খেলার মাঠে এই প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। প্রতিযোগিতা শেষে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করেন।

এর আগে সকালে বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. কামাল উদ্দীন প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এই প্রতিযোগিতার আনুষ্ঠানিক উদ্বোধন করেন।

উভয় অনুষ্ঠানে হল প্রাধ্যক্ষ অধ্যাপক মোহাম্মদ মকবুল হোসেন ভূঁইয়া, ঢাবি অ্যাথলেটিক্স কমিটির সভাপতি অধ্যাপক ড. মো. নিজামুল হক ভূইয়া, শারীরিক শিক্ষা কেন্দ্রের উপদেষ্টা অধ্যাপক ড. অসীম সরকার, কেন্দ্রের ভারপ্রাপ্ত পরিচালক মো. শাহজাহান আলীসহ হলের আবাসিক শিক্ষক, শিক্ষার্থী এবং কেন্দ্রের কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

হাজী মুহম্মদ মুহসীন হল

ঢাকা বিশ্ববিদ্যালয় হাজী মুহম্মদ মুহসীন হলের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতায় মো. শহিদুল ইসলাম চ্যাম্পিয়ন এবং মু. আবুল কাশেম রানার্স-আপ হয়েছেন। গত ৯ ফেব্রুয়ারি ২০২০ বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় খেলার মাঠে এই প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। প্রতিযোগিতা শেষে বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. কামাল উদ্দীন প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করেন।

এর আগে সকালে বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এই প্রতিযোগিতার আনুষ্ঠানিক উদ্বোধন করেন।

উভয় অনুষ্ঠানে হল প্রাধ্যক্ষ অধ্যাপক ড. মো. নিজামুল হক ভূইয়া, শারীরিক শিক্ষা কেন্দ্রের উপদেষ্টা অধ্যাপক ড. অসীম সরকার, কেন্দ্রের ভারপ্রাপ্ত পরিচালক মো. শাহজাহান আলীসহ হলের আবাসিক শিক্ষক, শিক্ষার্থী এবং কেন্দ্রের কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

শামসুন নাহার হল

ঢাকা বিশ্ববিদ্যালয় শামসুন নাহার হলের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতায় সাদিয়া ইসলাম মুনা চ্যাম্পিয়ন এবং ইফরাত রানার্স-আপ হয়েছেন। গত ১০ ফেব্রুয়ারি ২০২০ বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় খেলার মাঠে এই প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এই প্রতিযোগিতার আনুষ্ঠানিক উদ্বোধন করেন।

প্রতিযোগিতা শেষে বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. কামাল উদ্দীন প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করেন।

উভয় অনুষ্ঠানে হল প্রাধ্যক্ষ অধ্যাপক ড. সুপ্রিয়া সাহা, ঢাবি অ্যাথলেটিক্স কমিটির সভাপতি অধ্যাপক ড. মো. নিজামুল হক ভূইয়া, শারীরিক শিক্ষা কেন্দ্রের উপদেষ্টা অধ্যাপক ড. অসীম সরকার, কেন্দ্রের ভারপ্রাপ্ত পরিচালক মো. শাহজাহান আলীসহ হলের আবাসিক শিক্ষক, শিক্ষার্থী এবং কেন্দ্রের কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

কবি জসীম উদ্‌দীন হল

ঢাকা বিশ্ববিদ্যালয় কবি জসীম উদ্‌দীন হলের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতায় শফিউল আলম চ্যাম্পিয়ন এবং মো. শিমুল ইসলাম রানার্স-আপ হয়েছেন। গত ১১ ফেব্রুয়ারি ২০২০ বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় খেলার মাঠে এই প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। সকালে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এই প্রতিযোগিতার আনুষ্ঠানিক উদ্বোধন করেন।

প্রতিযোগিতা শেষে বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. কামাল উদ্দীন প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করেন।

উভয় অনুষ্ঠানে হল প্রাধ্যক্ষ অধ্যাপক ড. মিজানুর রহমান, ঢাবি অ্যাথলেটিক্স কমিটির সভাপতি অধ্যাপক ড. মো. নিজামুল হক ভূইয়া, শারীরিক শিক্ষা কেন্দ্রের উপদেষ্টা অধ্যাপক ড. অসীম সরকার, কেন্দ্রের ভারপ্রাপ্ত পরিচালক মো. শাহজাহান আলীসহ হলের আবাসিক শিক্ষক, শিক্ষার্থী এবং কেন্দ্রের কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

স্যার এ এফ রহমান হল

ঢাকা বিশ্ববিদ্যালয় স্যার এ এফ রহমান হলের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতায় মো. আরিফ হোসেন ও মো. ইকরামুল আলম আসিফ যৌথভাবে চ্যাম্পিয়ন এবং ওবায়দুর মিয়া ও মেহেদী হাসান চৌধুরী যৌথভাবে রানার্স-আপ হয়েছেন। গত ১২ ফেব্রুয়ারি ২০২০ বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় খেলার মাঠে এই প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। সকালে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এই প্রতিযোগিতার আনুষ্ঠানিক উদ্বোধন করেন।

প্রতিযোগিতা শেষে বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করেন।

উভয় অনুষ্ঠানে হল প্রাধ্যক্ষ অধ্যাপক ড. কে এম সাইফুল ইসলাম খান, ঢাবি অ্যাথলেটিক্স কমিটির সভাপতি অধ্যাপক ড. মো. নিজামুল হক ভূইয়া, শারীরিক শিক্ষা কেন্দ্রের উপদেষ্টা অধ্যাপক ড. অসীম সরকার, কেন্দ্রের ভারপ্রাপ্ত পরিচালক মো. শাহজাহান আলীসহ হলের আবাসিক শিক্ষক, শিক্ষার্থী এবং কেন্দ্রের কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হল

ঢাকা বিশ্ববিদ্যালয় জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হলের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতায় মো. রামু বাবু ও সামসুল আলম যৌথভাবে চ্যাম্পিয়ন এবং হারুন-অর-রশিদ ও মির্জা মনির যৌথভাবে রানার্স-আপ হয়েছেন। গত ১৪ ফেব্রুয়ারি ২০২০ বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় খেলার মাঠে এই প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। সকালে বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এই প্রতিযোগিতার আনুষ্ঠানিক উদ্বোধন করেন।

প্রতিযোগিতা শেষে বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. কামাল উদ্দীন প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করেন।

উভয় অনুষ্ঠানে হল প্রাধ্যক্ষ অধ্যাপক ড. মো. মফিজুর রহমান, ঢাবি অ্যাথলেটিক্স কমিটির সভাপতি অধ্যাপক ড. মো. নিজামুল হক ভূইয়া, শারীরিক শিক্ষা কেন্দ্রের উপদেষ্টা অধ্যাপক ড. অসীম সরকার, কেন্দ্রের ভারপ্রাপ্ত পরিচালক মো. শাহজাহান আলীসহ হলের আবাসিক শিক্ষক, শিক্ষার্থী এবং কেন্দ্রের কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

বাংলাদেশ-কুয়েত মৈত্রী হল

ঢাকা বিশ্ববিদ্যালয় বাংলাদেশ-কুয়েত মৈত্রী হলের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতায় আছিয়া আক্তার চ্যাম্পিয়ন এবং রিনা খাতুন ও জয়নব যৌথভাবে রানার্স-আপ হয়েছেন। গত ১৫ ফেব্রুয়ারি ২০২০ বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় খেলার মাঠে এই প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। সকালে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এই প্রতিযোগিতার আনুষ্ঠানিক উদ্বোধন করেন।

প্রতিযোগিতা শেষে বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. কামাল উদ্দীন প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করেন।

উভয় অনুষ্ঠানে হল প্রাধ্যক্ষ অধ্যাপক ড. মাহবুবা নাসরীন, ঢাবি অ্যাথলেটিক্স কমিটির সভাপতি অধ্যাপক ড. মো. নিজামুল হক ভূইয়া, শারীরিক শিক্ষা কেন্দ্রের উপদেষ্টা অধ্যাপক ড. অসীম সরকার, কেন্দ্রের ভারপ্রাপ্ত পরিচালক মো. শাহজাহান আলীসহ হলের আবাসিক শিক্ষক, শিক্ষার্থী এবং কেন্দ্রের কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

ড. মুহম্মদ শহীদুল্লাহ্ হল

ঢাকা বিশ্ববিদ্যালয় ড. মুহম্মদ শহীদুল্লাহ্ হলের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতায় সালমান রহমান ও মো. ইমতিয়াজ উদ্দিন যৌথভাবে চ্যাম্পিয়ন এবং মো. নাহিদ ফয়সাল রাব্বি রানার-আপ হয়েছেন। গত ১৬ ফেব্রুয়ারি ২০২০ বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় খেলার মাঠে এই প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। সকালে বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এই প্রতিযোগিতার আনুষ্ঠানিক উদ্বোধন করেন।

প্রতিযোগিতা শেষে বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. কামাল উদ্দীন প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করেন।

উভয় অনুষ্ঠানে হল প্রাধ্যক্ষ অধ্যাপক ড. সৈয়দ হুমায়ুন আখতার, ঢাবি অ্যাথলেটিকস্ কমিটির সভাপতি অধ্যাপক ড. মো. নিজামুল হক ভূইয়া, শারীরিক শিক্ষা কেন্দ্রের উপদেষ্টা অধ্যাপক ড. অসীম সরকার, কেন্দ্রের ভারপ্রাপ্ত পরিচালক মো. শাহজাহান আলীসহ হলের আবাসিক শিক্ষক, শিক্ষার্থী এবং কেন্দ্রের কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব হল

ঢাকা বিশ্ববিদ্যালয় বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব হলের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতায় নিশি আক্তার ও রেশমা আক্তার ইতি যৌথভাবে চ্যাম্পিয়ন এবং মোসা: জয়নব রানার-আপ হয়েছেন। গত ১৭ ফেব্রুয়ারি ২০২০ বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় খেলার মাঠে এই প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। সকালে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এই প্রতিযোগিতার আনুষ্ঠানিক উদ্বোধন করেন।

হল প্রাধ্যক্ষ অধ্যাপক ড. জাকিয়া পারভীন-এর সভাপতিত্বে অনুষ্ঠানে ঢাবি অ্যাথলেটিকস্ কমিটির সভাপতি অধ্যাপক ড. মো. নিজামুল হক ভূইয়া, শারীরিক শিক্ষা কেন্দ্রের উপদেষ্টা অধ্যাপক ড. অসীম সরকার, কেন্দ্রের ভারপ্রাপ্ত পরিচালক মো. শাহজাহান আলীসহ হলের আবাসিক শিক্ষক, শিক্ষার্থী এবং কেন্দ্রের কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। প্রতিযোগিতা শেষে হল প্রাধ্যক্ষ অধ্যাপক ড. জাকিয়া পারভীন বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করেন।

জগন্নাথ হল

ঢাকা বিশ্ববিদ্যালয় জগন্নাথ হলের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতায় সাগর চাম্বুগন চ্যাম্পিয়ন এবং সুব্রত পাল রানার-আপ হয়েছেন। গত ১৮ ফেব্রুয়ারি ২০২০ বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় খেলার মাঠে এই প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। সকালে বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এই প্রতিযোগিতার আনুষ্ঠানিক উদ্বোধন করেন।

প্রতিযোগিতা শেষে বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. কামাল উদ্দীন প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করেন।

উভয় অনুষ্ঠানে হল প্রাধ্যক্ষ অধ্যাপক ড. মিহির লাল সাহা, ঢাবি অ্যাথলেটিকস্ কমিটির সভাপতি অধ্যাপক ড. মো. নিজামুল হক ভূইয়া, শারীরিক শিক্ষা কেন্দ্রের উপদেষ্টা অধ্যাপক ড. অসীম সরকার, কেন্দ্রের ভারপ্রাপ্ত পরিচালক মো. শাহজাহান আলীসহ হলের আবাসিক শিক্ষক, শিক্ষার্থী এবং কেন্দ্রের কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

সুফিয়া কামাল হল

ঢাকা বিশ্ববিদ্যালয় কবি সুফিয়া কামাল হলের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতায় হামিদা আক্তার জেবা ও ফারজানা আক্তার জিনিয়া যৌথভাবে চ্যাম্পিয়ন এবং সাথীরা চাকমা রানার-আপ হয়েছেন। গত ১৯ ফেব্রুয়ারি ২০২০ বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় খেলার মাঠে এই প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। সকালে বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এই প্রতিযোগিতার আনুষ্ঠানিক উদ্বোধন করেন।

উদ্বোধনী অনুষ্ঠানে হলের ভারপ্রাপ্ত প্রাধ্যক্ষ অধ্যাপক শামীম বানু, ঢাবি অ্যাথলেটিকস্ কমিটির সভাপতি অধ্যাপক ড. মো. নিজামুল হক ভূইয়া, শারীরিক শিক্ষা কেন্দ্রের উপদেষ্টা অধ্যাপক ড. অসীম সরকার, কেন্দ্রের ভারপ্রাপ্ত পরিচালক মো. শাহজাহান আলীসহ হলের আবাসিক শিক্ষক, শিক্ষার্থী এবং কেন্দ্রের কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

প্রতিযোগিতা শেষে হলের ভারপ্রাপ্ত প্রাধ্যক্ষ অধ্যাপক শামীম বানু বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করেন।

উপাচার্যের সাথে বিদেশী অতিথিদের সাক্ষাৎ

তুরস্কের কারাবুক বিশ্ববিদ্যালয় রেক্টর

তুরস্কের কারাবুক বিশ্ববিদ্যালয়ের রেক্টর অধ্যাপক ড. রিফিক পোলাট গত ১৫ ফেব্রুয়ারি ২০২০ উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সাথে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেন।

এসময় একই বিশ্ববিদ্যালয়ের আন্তর্জাতিক সম্পর্ক বিষয়ক সমন্বয়ক মিজ লেক্ট ওজা ওনালান, ড্যাফোডিল ইন্টারন্যাশনাল বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. এ আই মোস্তফা এবং জনসংযোগ দফতরের পরিচালক মাহমুদ আলম উপস্থিত ছিলেন।

সাক্ষাৎকালে তাঁরা পারস্পরিক স্বার্থ-সংশ্লিষ্ট বিষয়াদি নিয়ে বিশেষ করে ঢাকা বিশ্ববিদ্যালয় এবং কারাবুক বিশ্ববিদ্যালয়ের মধ্যে শিক্ষা ও গবেষণা সংক্রান্ত পারস্পরিক সহযোগিতামূলক কর্মসূচি গ্রহণের সম্ভাব্যতা নিয়ে আলোচনা করেন। তাঁরা একে অপরকে নিজ নিজ বিশ্ববিদ্যালয়ের ইতিহাস ও শিক্ষা কার্যক্রম অবহিত করেন। এসময় তাঁরা এ দু'টি পাবলিক বিশ্ববিদ্যালয়ের মধ্যে শিক্ষক, গবেষক ও শিক্ষার্থী বিনিময়ের ওপর গুরুত্বারোপ করেন এবং এ ব্যাপারে যথাশীঘ্র একটি সমঝোতা স্মারক স্বাক্ষরের ব্যাপারে ঐকমত্য পোষণ করেন।

তুরস্কের কারাবুক বিশ্ববিদ্যালয়ের রেক্টর অধ্যাপক ড. রিফিক পোলাট বলেন, বাংলাদেশের মানুষ খুবই পরিশ্রমী এবং এ কারণে এদেশের অর্থনীতি দ্রুত শক্তিশালী হচ্ছে। তিনি ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাথে শিক্ষা সংক্রান্ত বিষয়ে পারস্পরিক সহযোগিতা স্থাপন এবং এমফিল/পিএইচ.ডি. সহ বিভিন্ন প্রোগ্রামে ঢাবি শিক্ষার্থীদের স্কলারশিপ প্রদানের ব্যাপারে আগ্রহ প্রকাশ করেন এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্যকে তাঁর বিশ্ববিদ্যালয় সফরের আমন্ত্রণ জানান।

ঢাবি উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান এই আমন্ত্রণ গ্রহণ করে বলেন, বাংলাদেশ ও তুরস্ক - এই দুই মুসলিম দেশের মধ্যে দীর্ঘকাল ধরে বন্ধুত্বপূর্ণ সম্পর্ক রয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয় এবং কারাবুক বিশ্ববিদ্যালয়ের মধ্যে পারস্পরিক সহযোগিতামূলক সম্পর্ক স্থাপন ও সমঝোতা স্মারক স্বাক্ষরের ব্যাপারে উপাচার্য কারাবুক বিশ্ববিদ্যালয়ের রেক্টরকে আশ্বাস প্রদান করেন।

অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান ঢাকা বিশ্ববিদ্যালয়ে আসা এবং এর সাথে যৌথ সহযোগিতামূলক শিক্ষা ও গবেষণা কার্যক্রম গ্রহণের ব্যাপারে আগ্রহ প্রকাশ করায় অধ্যাপক ড. রিফিক পোলাটকে আন্তরিক ধন্যবাদ জানান।

জাতিসংঘের খাদ্য ও কৃষি সংস্থার আবাসিক প্রতিনিধি

বাংলাদেশে নিযুক্ত জাতিসংঘের খাদ্য ও কৃষি সংস্থার আবাসিক প্রতিনিধি মি. রবার্ট ডি. সিম্পসন গত ১৩ ফেব্রুয়ারি ২০২০ উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেন।

সাক্ষাৎকালে তাঁরা জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উপলক্ষ্যে ঢাকা বিশ্ববিদ্যালয়ের উদ্যোগে আগামী ১৮-২১মার্চ, ২০২০ ঢাকায় অনুষ্ঠিতব্য 'ক্লাইমেট চেঞ্জ এন্ড ফুড সিকিউরিটি ইন সাউথ এশিয়া' শীর্ষক আন্তর্জাতিক সম্মেলনের প্রস্তুতি ও অগ্রগতি নিয়ে মতবিনিময় করেন। মহামান্য রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে রাজধানীর একটি হোটেলে এই সম্মেলনের উদ্বোধন করবেন।

মি. রবার্ট ডি. সিম্পসন ঢাবি উপাচার্যকে বলেন, জাতিসংঘের খাদ্য ও কৃষি সংস্থা এই সম্মেলন সফলভাবে আয়োজনের জন্য ঢাবি কর্তৃপক্ষ ও সংশ্লিষ্টদেরকে সার্বিক সহযোগিতা প্রদান করছে। উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান বলেন, এই সম্মেলনের প্রস্তুতি ও যাবতীয় কার্যক্রম অত্যন্ত সুষ্ঠু ও সুন্দরভাবে এগিয়ে চলছে। এই বৃহৎ আয়োজন সফল ও সার্থক করার জন্য জাতিসংঘের খাদ্য ও কৃষি সংস্থার যে কোন পরামর্শ ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সাদরে গ্রহণ করবেন বলেও উপাচার্য উল্লেখ করেন।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান ঢাকা বিশ্ববিদ্যালয়ে আসা এবং আসন্ন 'ক্লাইমেট চেঞ্জ এন্ড ফুড সিকিউরিটি ইন সাউথ এশিয়া' শীর্ষক আন্তর্জাতিক সম্মেলনে সহযোগিতা করার জন্য মি. রবার্ট ডি. সিম্পসনকে আন্তরিক ধন্যবাদ জানান।

অক্সফোর্ড বিশ্ববিদ্যালয় অধ্যাপক

যুক্তরাজ্যের অক্সফোর্ড বিশ্ববিদ্যালয়ের প্রবীণ অধ্যাপক ড. স্যার ওয়াল্টার বডমার গত ১৬ ফেব্রুয়ারি ২০২০ উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেন।

সাক্ষাৎকালে তাঁরা পারস্পরিক স্বার্থ-সংশ্লিষ্ট বিষয়াদি নিয়ে মতবিনিময় করেন। এসময় উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান বলেন, ঢাকা বিশ্ববিদ্যালয়ে তরুণ শিক্ষকরা 'বঙ্গবন্ধু ওভারসিস স্কলারশিপ' প্রোগ্রামের আওতায় উন্নত বিশ্বের স্বনামধন্য বিশ্ববিদ্যালয়ে বিশেষ করে যুক্তরাজ্যের বিশ্ববিদ্যালয়ে উচ্চশিক্ষা গ্রহণ করছেন। তিনি ঢাকা বিশ্ববিদ্যালয়ের শতবর্ষ পূর্তি উপলক্ষ্যে ২০২১ সালে লন্ডনে অনুষ্ঠিতব্য একটি বর্ণাঢ্য অনুষ্ঠান আয়োজন সম্পর্কে অধ্যাপক ড. স্যার ওয়াল্টার বডমারকে অবহিত করেন। ব্রিটিশ রাজ পরিবারের একজন সম্মানিত সদস্য এই অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন বলে উপাচার্য জানান।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান ঢাকা বিশ্ববিদ্যালয়ে আসার জন্য অধ্যাপক ড. স্যার ওয়াল্টার বডমারকে আন্তরিক ধন্যবাদ জানান।

তুরস্কের কারাবুক বিশ্ববিদ্যালয়ের রেক্টর অধ্যাপক ড. রিফিক পোলাট গত ১৫ ফেব্রুয়ারি ২০২০ উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সাথে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেন।

বাংলাদেশে নিযুক্ত জাতিসংঘের খাদ্য ও কৃষি সংস্থার আবাসিক প্রতিনিধি মি. রবার্ট ডি. সিম্পসন গত ১৩ ফেব্রুয়ারি ২০২০ উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেন।

যুক্তরাজ্যের অক্সফোর্ড বিশ্ববিদ্যালয়ের প্রবীণ অধ্যাপক ড. স্যার ওয়াল্টার বডমার গত ১৬ ফেব্রুয়ারি ২০২০ উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেন।

নৈতিকতা বিষয়ক সেমিনার ও কর্মশালা

ঢাকা বিশ্ববিদ্যালয় নৈতিক উন্নয়ন কেন্দ্রের উদ্যোগে "শিক্ষা ও নৈতিকতা" শীর্ষক দু'দিন ব্যাপী সেমিনার ও কর্মশালা গত ১৭ ফেব্রুয়ারি ২০২০ আর সি মজুমদার আর্টস মিলনায়তনে অনুষ্ঠিত হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এই সেমিনার ও কর্মশালা উদ্বোধন করেন।

দর্শন বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. মো. সাজাহান মিয়ার সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে কলা অনুষদের ডিন অধ্যাপক ড. আবু মো. দেলোয়ার হোসেন বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন। নৈতিক উন্নয়ন কেন্দ্রের পরিচালক অধ্যাপক ড. এ কে এম হারুনার রশীদ স্বাগত বক্তব্য দেন।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান সমৃদ্ধ বাংলাদেশ গড়ার লক্ষ্যে শিক্ষা ও গবেষণাসহ জীবনের সকল ক্ষেত্রে নৈতিকতা অনুসরণের ওপর গুরুত্বারোপ করেন। তিনি বলেন, সমাজে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করতে আমাদের চিন্তা ও মননের পরিবর্তন ঘটাতে হবে। সব ধরনের অপকর্ম থেকে যুব সমাজকে রক্ষা করতে বাস্তবসম্মত পদক্ষেপ গ্রহণ করতে হবে। এ লক্ষ্যে শিগ্‌গিরই ঢাকা বিশ্ববিদ্যালয়ে 'এথিকস্ কমিটি' গঠন করা হবে বলে তিনি উল্লেখ করেন।

ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (ডাকসু) এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ের আদিবাসী শিক্ষার্থীদের যৌথ উদ্যোগে 'মাতৃভাষা উৎসব ২০২০' গত ২৩ ফেব্রুয়ারি ২০২০ ছাত্র-শিক্ষক কেন্দ্রে উদ্‌যাপিত হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ প্রধান অতিথি হিসেবে এই উৎসবের আনুষ্ঠানিক উদ্বোধন করেন। উদ্বোধনী অনুষ্ঠানে নৃবিজ্ঞান বিভাগের অধ্যাপক হাসান এ. শাফী বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। এসময় ডাকসুর জিএস গোলাম রাব্বানী, এজিএস সাদ্দাম হোসেনসহ অন্যান্য নেতৃবৃন্দ ও শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন। অনুষ্ঠান সঞ্চালনা করেন ডাকসু'র সাহিত্য সম্পাদক মাজহারুল কবির শয়ন।

শিক্ষকদের জন্য কর্মশালা

ঢাকা বিশ্ববিদ্যালয় সেন্টার অফ এক্সিলেন্স ইন টিচিং এন্ড লার্নিং-এর উদ্যোগে "Plagiarism: Ethical Aspects & Remedy in Higher Education" বিষয়ক দিনব্যাপী এক কর্মশালা গত ১৩ ফেব্রুয়ারি ২০২০ মুজাফফর আহমেদ চৌধুরী মিলনায়তনে অনুষ্ঠিত হয়। কর্মশালায় স্বাগত বক্তব্য প্রদান করেন সেন্টারের পরিচালক অধ্যাপক ড. সাবিতা রিজওয়ানা রহমান। এতে বিজনেস স্টাডিজ অনুষদের ডিন অধ্যাপক শিবলী রুবাইয়াতুল ইসলাম, সমাজ বিজ্ঞান বিভাগের অধ্যাপক ড. মনিরুল ইসলাম খান, তথ্যবিজ্ঞান ও গ্রন্থাগার ব্যবস্থাপনা বিভাগের অধ্যাপক ড. এস এম জাবেদ আহমদ এবং আইন বিভাগের সহযোগী অধ্যাপক কাজী মাহফুজুল হক সুপন আলোচনা করেন। এসময় সেন্টারের অতিরিক্ত পরিচালক ড. এ.টি.এম. সামছুজ্জোহা উপস্থিত ছিলেন। উল্লেখ্য, ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষকগণ এই কর্মশালায় অংশ নেন। সেন্টার অফ এক্সিলেন্স ইন টিচিং এন্ড লার্নিং বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ও কর্মকর্তাদের জন্য ধারাবাহিকভাবে কর্মশালার আয়োজন করে আসছে।

২ জন সহকারী প্রক্টর নিয়োগ

ঢাকা বিশ্ববিদ্যালয় ক্লিনিক্যাল ফার্মেসী ও ফার্মাকোলজি বিভাগের সহযোগী অধ্যাপক ড. মো. আব্দুল মুহিত এবং মৎস্যবিজ্ঞান বিভাগের সহযোগী অধ্যাপক ড. আনোয়ার হোসেনকে বিশ্ববিদ্যালয়ের সহকারী প্রক্টর হিসেবে নিয়োগ দেয়া হয়েছে। বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান গত ৬ ফেব্রুয়ারি ২০২০ তাদেরকে এই নিয়োগ প্রদান করেন। ড. মো. আব্দুল মুহিত ফার্মেসী অনুষদের এবং ড. আনোয়ার হোসেন জীব বিজ্ঞান অনুষদের সহকারী প্রক্টরের দায়িত্ব পালন করবেন।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে গত ১৫ ফেব্রুয়ারি ২০২০ বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় খেলার মাঠে বাংলাদেশ-কুয়েত মৈত্রী হলের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতার আনুষ্ঠানিক উদ্বোধন করেন। এসময় অন্যান্যের মধ্যে হল প্রাধ্যক্ষ অধ্যাপক ড. মাহবুবা নাসরীন উপস্থিত ছিলেন।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে গত ১৭ ফেব্রুয়ারি ২০২০ বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় খেলার মাঠে বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব হলের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতার আনুষ্ঠানিক উদ্বোধন করেন। এসময় অন্যান্যের মধ্যে হল প্রাধ্যক্ষ অধ্যাপক ড. জাকিয়া পারভীন উপস্থিত ছিলেন।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে গত ১৯ ফেব্রুয়ারি ২০২০ বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় খেলার মাঠে কবি সুফিয়া কামাল হলের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতার আনুষ্ঠানিক উদ্বোধন করেন। এসময় অন্যান্যের মধ্যে হলের ভারপ্রাপ্ত প্রাধ্যক্ষ অধ্যাপক শামীম বানু উপস্থিত ছিলেন।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. কামাল উদ্দীন প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে গত ১৮ ফেব্রুয়ারি ২০২০ বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় খেলার মাঠে জগন্নাথ হলের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতায় বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করেন। এসময় অন্যান্যের মধ্যে হল প্রাধ্যক্ষ অধ্যাপক ড. মিহির লাল সাহা উপস্থিত ছিলেন । ছবিতে অতিথিদের সাথে বিজয়ীদের দেখা যাচ্ছে।

বিজনেস স্টাডিজ অনুষদের ৬৯জন শিক্ষার্থীর ডিনস্ অ্যাওয়ার্ড লাভ

বিবিএ এবং এমবিএ পরীক্ষায় অসাধারণ ফলাফল অর্জন করায় ঢাকা বিশ্ববিদ্যালয় বিজনেস স্টাডিজ অনুষদভুক্ত বিভিন্ন বিভাগের ৬৯জন মেধাবী শিক্ষার্থীকে “ডিনস্ অ্যাওয়ার্ড” প্রদান করা হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান গত ২৩ ফেব্রুয়ারি ২০২০ নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে আয়োজিত এক বর্ণাঢ্য অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে কৃতী শিক্ষার্থীদের হাতে অ্যাওয়ার্ড তুলে দেন।

বিজনেস স্টাডিজ অনুষদের ডিন অধ্যাপক শিবলী রুবাইয়াতুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠানে সুইডেনের ব্লেকিঞ্জ ইনস্টিটিউট অব টেকনোলজির ডেপুটি ভাইস চ্যান্সেলর অধ্যাপক ড. আন্দ্রে লার্সন এবং কলকাতা আর্মি ইনস্টিটিউট অব ম্যানেজমেন্ট-এর পরিচালক মেজর জেনারেল (অব) একে সাপরা বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন। বিভাগীয় চেয়ারম্যানগণ অ্যাওয়ার্ডপ্রাপ্ত শিক্ষার্থীদের নাম ঘোষণা করেন। একাউন্টিং এন্ড ইনফরমেশন সিস্টেমস বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. রিয়াজুর রহমান চৌধুরী ধন্যবাদ জ্ঞাপন করেন।

এমবিএ প্রোগ্রামের অ্যাওয়ার্ডপ্রাপ্ত শিক্ষার্থীরা হলেন - সিরাতুস সাবাহ, ইসতিয়াক বুলবুল তাওহিদ, সাবরিনা শারমিন নিশাত, হাসিবুল ইসলাম, ফারজানা তাজিন ও মুহাইমিনুল ইসলাম (ম্যানেজমেন্ট), মো. শফিকুল ইসলাম, ইব্রাহিম খান, মো. ইসমাঈল হোসেন, রায়হান সোবহান, সিরাজুম মুনিরা চৌধুরী অতিশী, সুব্রত বিশ্বাস, মো. আবু নিসার, সৌদ আল রাফি, মো. খালেদ, রিফাত জাহান এনা, নাহিদা পারভীন ও মো. নূর হোসেন (একাউন্টিং এন্ড ইনফরমেশন সিস্টেমস), জান্নাতুল ফেরদৌস আইরিন, ইপ্সিতা দত্ত, সুমনা আক্তার সুমি, রওনক জাহান ও সুমি আক্তার (মার্কেটিং), শরফুদ্দিন আহমেদ (ফিন্যান্স), মনজিলা খাতুন, ফাহাদ জিয়া, সুস্মিতা দেব বর্মন, মো. গোলাম রমিজ, নার্গিস সুলতানা, আফরিন সুলতানা সামরিনা তাবাসসুম, মিতা রানী পাল, নিশাত রুমালী, মিথুন চক্রবর্তী, মো. মুসতাফিজুর রহমান, মো. আদনান আহমেদ ও মো. ইমন আরেফিন (ব্যাংকিং এন্ড ইন্স্যুরেন্স), আফরোজা হক, শারমিন আক্তার ও রাশিদা আক্তার রুপা (ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেমস), শিলামনি হাফসা (ট্যুরিজম এন্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট), ফারজানা নাসরিন ও তাসনিম নাবিলা ইসলাম (ইন্টারন্যাশনাল বিজনেস)।

বিবিএ প্রোগ্রামের অ্যাওয়ার্ডপ্রাপ্ত শিক্ষার্থীরা হলেন - মো. আকিদুর রহমান, আতিউল্লাহ আকন্দ, রেজওয়ান আহমেদ, সুলতানা রাজিয়া, সানজিদা আফরিন, অনিক পাল, মাহমুদুর রহমান, মো. তরিকুল ইসলাম, শ্রাবন্তি সাহা, সইলুর নন্দিনী অরুনিমা, রকিবুল হাসান সাকিব ও সোহানা ইসলাম সুমনা, (একাউন্টিং এন্ড ইনফরমেশন সিস্টেমস), তানজিনা আখতার, মার্জিয়া মিতি ও শাহেদুল হাসান (মার্কেটিং), ইমরান মাহমুদ, তাহমিদ ইসলাম, বেলায়েত হোসেন, মারিয়া ইউসুফ ও মিতু বেগম (ফিন্যান্স), সাবরিনা আখতার মিলা, নিপা সাহা ও অভিষেক চক্রবর্তী (ইন্টারন্যাশনাল বিজনেস), তাহমিনা আক্তার ও মো. নাজমুস সাকিব (ম্যানেজমেন্ট) এবং সুমাইয়া সিদ্দিক (ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেমস)।

৬ শিক্ষার্থীর ‘ড. মালিহা খাতুন-মুহাম্মদ নুরুল হুদা ট্রাস্ট ফান্ড বৃত্তি’ লাভ

ঢাকা বিশ্ববিদ্যালয় রসায়ন বিভাগ, পদার্থ বিজ্ঞান বিভাগ এবং গণিত বিভাগের ৬ জন কৃতী শিক্ষার্থীকে ‘ড. মালিহা খাতুন-মুহাম্মদ নুরুল হুদা ট্রাস্ট ফান্ড বৃত্তি’ প্রদান করা হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান গত ১৬ ফেব্রুয়ারি ২০২০ উপাচার্য কার্যালয় সংলগ্ন লাউঞ্জে এক অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে শিক্ষার্থীদের হাতে বৃত্তির

চেক তুলে দেন।

এসময় ঢাকা বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো: কামাল উদ্দীন, পদার্থ বিজ্ঞান বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. এবিএম ওবায়দুল ইসলাম, গণিত বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. অমল কৃষ্ণ হালদার, রসায়ন বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. মো. আজিজুর রহমান এবং প্রয়াত ড. মালিহা খাতুনের ছেলে সাবেক সচিব হুমায়ূন আক্তার কামাল উপস্থিত ছিলেন।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান নৈতিক মূল্যবোধসম্পন্ন মানুষ হিসেবে গড়ে উঠার জন্য শিক্ষার্থীদের প্রতি আহ্বান জানান। তিনি বলেন, মানবকল্যাণের লক্ষ্যে শিক্ষার্থীদের নিরলসভাবে কাজ করতে হবে।

বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীরা হলেন- গণিত বিভাগের আশরাফ আলী ও মো. ছাকিব হোসেন, রসায়ন বিভাগের মো. ছাব্বির আহম্মেদ ও মিশুক বিশ্বাস এবং পদার্থ বিজ্ঞান বিভাগের এম এ নোমান ও এম হাসানুজ্জামান।

জাপানের মিটসুবিশি ব্যাংক লি. (এমইউএফজি) প্রতি বছর ঢাকা বিশ্ববিদ্যালয়ের ৩০জন মেধাবী শিক্ষার্থীকে বৃত্তি প্রদান করে আসছে। এরই ধারাবাহিকতায় শিক্ষার্থীদের এই বৃত্তি প্রদানের জন্য গত ২৩ ফেব্রুয়ারি ২০২০ এমইউএফজি ঢাকা অফিসের প্রধান প্রতিনিধি মি. হিদাকি কোজিমা ঢাকা বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. কামাল উদ্দীনের কাছে বৃত্তির চেক ও সার্টিফিকেট হস্তান্তর করেন।

ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি অনুষদের ৪জন শিক্ষক ও ১৬জন শিক্ষার্থীর ডিনস্ অ্যাওয়ার্ড লাভ

২০১৭ এবং ২০১৮ সালের বিএস সম্মান পরীক্ষায় অসাধারণ ফলাফল অর্জন করায় ঢাকা বিশ্ববিদ্যালয় ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি অনুষদভুক্ত বিভিন্ন বিভাগের ১৬জন মেধাবী শিক্ষার্থীকে “ডিনস্ অ্যাওয়ার্ড” প্রদান করা হয়েছে। এছাড়া, অনন্য গবেষণা কর্মের জন্য অনুষদের ৪জন শিক্ষক ডিনস্ অ্যাওয়ার্ড লাভ করেছেন। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান গত ১৩ ফেব্রুয়ারি ২০২০ নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে আয়োজিত এক

বর্ণাঢ্য অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে কৃতী শিক্ষক ও শিক্ষার্থীদের হাতে অ্যাওয়ার্ড তুলে দেন।

ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি অনুষদের ডিন অধ্যাপক ড. মো. হাসানুজ্জামানের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. নাসরীন আহমাদ, প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ এবং কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. কামাল উদ্দীন বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান চতুর্থ শিল্প বিপ্লবের নানা চ্যালেঞ্জ মোকাবেলায় দক্ষ মানবসম্পদ হিসেবে গড়ে ওঠার জন্য মেধাবী শিক্ষার্থীদের প্রতি আহ্বান জানান। তিনি বলেন, যুগোপযোগী গবেষণা ও শিক্ষা কার্যক্রমের মাধ্যমে ঢাকা বিশ্ববিদ্যালয়কে বিশ্বমানের শিক্ষা প্রতিষ্ঠানে পরিণত করার জন্য তাদের কার্যকর ভূমিকা পালন করতে হবে।

অ্যাওয়ার্ডপ্রাপ্ত শিক্ষকগণ হলেন- অধ্যাপক ড. মো. রেজাউল করিম (কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং), সহযোগী অধ্যাপক ড. আবুল কালাম আজাদ (ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং), সহকারী অধ্যাপক ড. সেঁজুতি রহমান (রোবটিক্স এন্ড মেকাট্রনিক্স ইঞ্জিনিয়ারিং) এবং সহকারী অধ্যাপক ড. মিথুন সরকার (এ্যাপ্লাইড কেমিস্ট্রি এন্ড কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং)।

অ্যাওয়ার্ডপ্রাপ্ত শিক্ষার্থীরা হলেন - মীর মো. ফাহিমুল ইসলাম, অনিন্দ্য দাস অন্তর, স্বপ্নীল সায়ান সাহা, সারাহ সিনথিয়া গোমেজ (ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং), আনিকা তাবাস্‌সুম প্রমি, মো. কাইয়ুম হোসেন, আমিনা আকতার ইলোরা, রায়হান আহমেদ (এ্যাপ্লাইড কেমিস্ট্রি এন্ড কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং), মো. ফাহিম আরেফিন, জারগিস আহমেদ, রেদওয়ান আহমেদ রিজভী, নাহিয়ান আশরাফ (কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং), নাজমুল হোসেন, কাজী আজমান রাফি, আফ্রিদা ফাইরুজ এবং এটিএম জাহিদ হাসান (নিউক্লিয়ার ইঞ্জিনিয়ারিং)।

জহুরুল হক হলের বিভিন্ন প্রতিযোগিতার পুরস্কার বিতরণ ও বৃত্তি প্রদান

ঢাকা বিশ্ববিদ্যালয় শহীদ সার্জেন্ট জহুরুল হক হলের বার্ষিক অভ্যন্তরীণ ক্রীড়া ও সাহিত্য-সাংস্কৃতিক প্রতিযোগিতার পুরস্কার বিতরণ ও বৃত্তি প্রদান অনুষ্ঠান গত ১৯ ফেব্রুয়ারি ২০২০ হল মিলনায়তনে অনুষ্ঠিত হয়েছে। বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. কামাল উদ্দীন প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে প্রতিযোগিতায় বিজয়ী ও বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের পুরস্কার ও বৃত্তির অর্থ প্রদান করেন।

হল প্রাধ্যক্ষ অধ্যাপক ড. দেলোয়ার হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠানে কলা অনুষদের ডিন ও হলের সাবেক প্রাধ্যক্ষ অধ্যাপক ড. আবু মোঃ দেলোয়ার হোসেন বিশেষ অতিথি হিসেবে এবং দাতা পরিবারের পক্ষ থেকে ঢাবি ইতিহাস বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. আহমেদ আবদুল্লাহ জামাল বক্তব্য রাখেন।

কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোঃ কামাল উদ্দীন বৃত্তিপ্রাপ্ত ও বিভিন্ন প্রতিযোগিতায় পুরস্কারপ্রাপ্ত শিক্ষার্থীদের অভিনন্দন জানান। তিনি শিক্ষার্থীদের উদ্দেশ্যে বলেন, মনোযোগ দিয়ে পড়াশুনা করে সুনাগরিক হিসেবে নিজেদের গড়ে তুলতে হবে এবং দেশ ও জাতির উন্নয়নে সৎ ও নিষ্ঠার সাথে কাজ করতে হবে। অসচ্ছল ও মেধাবী শিক্ষার্থীদের অর্থনৈতিকসহ বিভিন্ন সহযোগিতায় এগিয়ে আসার জন্য তিনি হলের সাবেক শিক্ষার্থীদের প্রতি আহ্বান জানান।

অনুষ্ঠানে হলের ৮টি বৃত্তি তহবিল থেকে ৩৬জন শিক্ষার্থীকে এককালীন বৃত্তি প্রদান করা হয়। বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীরা হলেন, মো. শাকিল আহমেদ (রাষ্ট্রবিজ্ঞান), সৌরভ মিয়া (ইতিহাস), মো. আলমগীর হোসেন (ব্যাংকিং এন্ড ইন্স্যুরেন্স), মো. আবু বক্কর সিদ্দিক (আইন), আব্দুর রহমান আব্দুল্লাহ (ফিন্যান্স), নূর-উদ্দিন আহমেদ (পপুলেশন সায়েন্সেস), ইমরান হোসাইন (ইসলামিক স্টাডিজ), মনিরুল ইসলাম (বিশ্ব ধর্ম ও সংস্কৃতি), মো. জসীম উদ্দিন (ইন্টারন্যাশনাল বিজনেস), রুবেল হোসাইন (একাউন্টিং এন্ড ইনফরমেশন সিস্টেমস), সফিউল্লাহ শেখ (তথ্যবিজ্ঞান ও গ্রন্থাগার ব্যবস্থাপনা), মো. এহসানুল হক (ইসলামিক স্টাডিজ), নাজমুল হাসান (রাষ্ট্রবিজ্ঞান), মো. এমদাদুল হক (ইসলামিক স্টাডিজ), মো. সজীব মিয়া (ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেমস), ওমর ফারুক ইমন (যোগাযোগ বৈকল্য), মহসিন আলম (ইসলামিক স্টাডিজ), আবুল হাসান (ইসলামিক স্টাডিজ), রাশেদুল (লোকপ্রশাসন), শফিকুল ইসলাম (সমাজবিজ্ঞান), ফাহিম সরকার(ইসলামিক স্টাডিজ), মো. রাহাদুল ইসলাম তানভীর (ইসলামের ইতিহাস ও সংস্কৃতি), মো. শাহরিয়ার ইসলাম শাওন (রাষ্ট্রবিজ্ঞান), সজিব মিয়া (দর্শন), সোহেল রানা (লোকপ্রশাসন), মোস্তাকিম মিয়া (সমাজকল্যাণ), মো. আইনুল ইসলাম (শিক্ষা ও গবেষণা), পিয়াল মাহমুদ পাপ্পু (ইতিহাস), মো. আররাফি ভূঁঞা (ইসলামের ইতিহাস ও সংস্কৃতি), মো. মিকাঈল ইসলাম (দর্শন), মো. মনিরুল ইসলাম(ইসলামিক স্টাডিজ), মো. নাহিদ হাসান শুভ (ইন্টারন্যাশনাল বিজনেস), শাহাদাত হোছাইন(ইসলামের ইতিহাস ও সংস্কৃতি), মো. নাজমুল হাছান কাইউম (ইসলামের ইতিহাস ও সংস্কৃতি), মো. নাছির উদ্দিন (সমাজকল্যাণ), মোহাম্মদ মিনহাজ উদ্দিন (ইসলামের ইতিহাস ও সংস্কৃতি)।

অনুষ্ঠানের ২য় পর্বে হলের শিক্ষার্থীরা এক মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশন করেন।

সম্পাদক: মাহমুদ আলম, পরিচালক (জনসংযোগ), প্রধান প্রতিবেদক: মোঃ রফিকুল ইসলাম পান্না, প্রতিবেদক: তাওহিদা খানম তাসমিন ও মো: আবু বকর সিদ্দিক, সম্পাদনা সহকারী: নুরুন্নাহার বেগম এবং মোঃ নজরুল ইসলাম
ফটো সাংবাদিক: আনোয়ার মজুমদার, মোঃ জাকির হোসেন ও শুভাশীষ রঞ্জন সরকার। জনসংযোগ দফতর কর্তৃক প্রকাশিত এবং গ্র্যাফোসম্যান রিপ্রোডাকশন এন্ড প্রিন্টিং লি., ঢাকা কর্তৃক মুদ্রিত। ফোন: ৯৬৬১৯০০-৫৯/৪১০০, ০১৭৫৮৪৯২৪১৫